

🔳 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪:১

💵 আরবি মূল আয়াত:

سُورَةٌ اَنزَلنْهَا وَ فَرَضنْهَا وَ اَنزَلنَا فِيهَا الْيِتِ بَيِّنْتٍ لَّعَلَّكُم تَذَكَّرُونَ ﴿١﴾

🗚 অনুবাদসমূহ:

এটি একটি সূরা, যা আমি নাযিল করেছি এবং এটাকে অবশ্য পালনীয় করেছি। আর আমি এতে সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর। — আল-বায়ান

একটি সূরাহ যা আমি নাযিল করেছি আর তা ফরয করে দিয়েছি, আর তার ভেতরে আমি সুস্পষ্ট আয়াত নাযিল করেছি, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর। — তাইসিরুল

এটি একটি সূরা, এটি আমি অবতীর্ণ করেছি এবং এর বিধানকে অবশ্য পালনীয় করেছি, এতে আমি অবতীর্ণ করেছি সুস্পষ্ট আয়াতসমূহ যাতে তোমরা উপদেশ গ্রহণ কর। — মুজিবুর রহমান

[This is] a surah which We have sent down and made [that within it] obligatory and revealed therein verses of clear evidence that you might remember. — Sahih International

১. এটা একটি সূরা, এটা আমরা নাযিল করেছি এবং এর বিধানকে আমরা অবশ্য পালনীয় করেছি, আর এতে আমরা নাযিল করেছি সুস্পষ্ট আয়াতসমূহ যাতে তোমরা উপদেশ গ্রহণ কর।

তাফসীরে জাকারিয়া

- (১) এ একটি সূরা; যা আমি অবতীর্ণ করেছি[1] এবং এতে দিয়েছে অবশ্য পালনীয় বিধান, এতে আমি সুস্পষ্ট বাক্যসমূহ অবতীর্ণ করেছি; যাতে তোমরা উপদেশ গ্রহণ কর।
 - [1] কুরআন কারীমের সমস্ত সূরাই আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ হয়েছে। কিন্তু এই সূরার ব্যাপারে বিশেষভাবে এ কথা বলার তাৎপর্য হল, এ সূরায় আলোচিত বিধি-বিধানের বিশেষ গুরুত্ব আছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2792



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন